

৩২/

দুই জন গুলিবন্দ : ছাত্রছাত্রীদের হল ত্যাগ : পরীক্ষা স্থগিত

গোলাগুলি সংঘর্ষ : ছাত্রনেতা নিহত : ভাসিট বন্ধ ঘোষণা



নিহত জহরুল হক হলের ভিপি চরু

- দৈনিক বাংলা

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

গতকাল ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিবদমান দুটি ছাত্র সংগঠনের কর্মীদের মধ্যে সশস্ত্র সংঘর্ষে জহরুল হক হলের ভিপি শহীদুল ইসলাম চরু গুলিতে নিহত হয়েছেন। সংঘর্ষে আরো দু'জন গুলিবদ্ধ হন।

এ ঘটনার জের হিসাবে বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ছাত্রদের হামলায় আহত হয়ে হাসাপাতালে

ভর্তি হয়েছেন। বিকুর ছাত্ররা এলিফ্যান্ট রোড ও ঢাকা কলেজের সামনে ও মিরপুর রোডে বেশ কিছু গাড়িতে অগ্নিসংযোগ ও ভাঙচুর করেছে।

উদ্ধৃত পরিস্থিতিতে ঢাকা বিশ্ববিদ্যালয় অনির্দিষ্টকালের জন্য বন্ধ ঘোষণা করা হয়েছে। কর্তৃপক্ষের নির্দেশে ছাত্র-ছাত্রীরা গতকাল বিকাল ৫টার মধ্যে হলত্যাগ করেন। বিশ্ববিদ্যালয়ের সকল পরীক্ষা অনির্দিষ্টকাল স্থগিত রাখা হয়েছে।
(শেষ পৃঃ ৪-এর কঃ পঃ)